গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.ntrca.gov.bd

নম্বর: ৩৭.০৫.০০০০.০০৯.৬০.০০১.২৪. ২৮৮

তারিখ: ৩০ ফাল্গুন, ১৪৩০ / ১৪ মার্চ, ২০২৪

## অফিস আদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ১.১ নং কার্যক্রমের আওতায় সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের অংশ হিসেবে অফিস ব্যবস্থাপনা কার্যক্রম সহজিকরণের উদ্দেশ্যে অফিসের স্টোর ব্যবস্থাপনা ডিজিটাইজেশনের লক্ষ্যে NTRCA Inventory/Store Management System নামে একটি সফটওয়ার প্রস্তুত করা হয়েছে। উক্ত সফ্টওয়ারের মাধ্যমে এনটিআরসিএ-এর কর্মকর্তা ও কর্মচারীগণ প্রাপ্যতা অনুযায়ী অনলাইনে চাহিদাপত্র দাখিল করে স্টোরে রক্ষিত প্রয়োজনীয় মালামাল গ্রহণ করতে পারবেন। উক্ত সফ্টওয়ারের মাধ্যমে স্টোরে রক্ষিত মালামালের সঠিক পরিসংখ্যান নিরুপন, প্রাপ্যতা অনুসারে মালামাল সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণ, সরকারি সম্পদের অপচয় রোধ এবং সামগ্রিক প্রশাসনিক কার্যক্রমে স্বচ্ছতা ও দক্ষতা নিশ্চিতকরণ সম্ভব হবে।

বর্ণিত অবস্থায়, এনটিআরসিএ-এর সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে এখন থেকে উক্ত সফটওয়্যার ব্যবহার করে অফিসের কাজে ব্যবহৃত প্রয়োজনীয় সামগ্রী/মালামালের চাহিদাপত্র প্রদান, মালামালের হিসাবরক্ষণ ও বিতরণ কার্যক্রম সম্পাদনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, NTRCA-এর ওয়েবসাইটে উক্ত সফটওয়্যারের লিংক (URL) এবং একটি ইউজার ম্যানুয়াল প্রদান করা হবে।

১৪/০৩/২৪

(কাজী কামরুল আহছান)
পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
ও
ইনোভেশন অফিসার
এনটিআরসিএ, ঢাকা।
ফোন: ০২-৪১০৩০১২১

নম্বর: ৩৭.০৫.০০০০.০০৯.৬০.০০১.২৪. ২৮৮

তারিখ: ৩০ ফাল্গুন, ১৪৩০ / ১৪ মার্চ, ২০২৪

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. কর্মকর্তা (সকল), এনটিআরসিএ, ঢাকা।
৩. কর্মচারী (সকল), এনটিআরসিএ, ঢাকা।
৪. পিএ টু চেয়ারম্যান, এনটিআরসিএ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৪/০৩/২৪

(কাজী কামরুল আহছান)
পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
ও
ইনোভেশন অফিসার
এনটিআরসিএ, ঢাকা।

E:\NTRCA\Letter Folder\795(part-2)-Innovation.doc